গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী
www.nilphamari.gov.bd
আইসিটি শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | নাজিয়া শিরিন<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৯ আগস্ট ২০১৮ |
| সভার সময় | বেলা ১২.৩০ টা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হল। |

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচি মোতাবেক অগ্রগতি আলোচনা করা হয়।

১. ইউডিসি পরিদর্শন সংক্রান্ত:

১.১: জেলা প্রশাসক এবং অতিরিক্ত জেলা প্রশাসকগণ কর্তৃক পরিদর্শন/দর্শন: (জুলাই/২০১৮)

| ক্রমিক | কর্মকর্তা | ইউডিসি পরিদর্শন |
|---|---|---|
| ১. | নাজিয়া শিরিন<br>জেলা প্রশাসক, নীলফামারী | ০২টি |
| ২. | মোঃ শাহীনুর আলম<br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নীলফামারী | ০২টি |

১.২: উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক ইউডিসি পরিদর্শন/দর্শন ও অন্যান্য তথ্য: (জুলাই/২০১৮)

| ক্রমিক | উপজেলা | উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানের তারিখ | | ইউডিসি | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সভা অনুষ্ঠানের তারিখ | সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে কিনা | মোট ইউডিসির সংখ্যা | ইউএনও কর্তৃক পরিদর্শন | ইউএনও কর্তৃক দর্শন | ইউডিসির মাসিক মোট আয় (টাকা) | ইউডিসি হতে মোট সেবা গ্রহীতা | অন্যান্য প্রশিক্ষণ |
| ০১ | নীলফামারী সদর | - | না | ১৫ | ০২ | ০১ | ৩,৯৬,৯৪৬/- | ৯,৩৭৫ | কোন তথ্য পাওয়া যায়নি। |
| ০২ | সৈয়দপুর | - | না | ০৫ | ০২ | ০১ | - | - | |
| ০৩ | ডোমার | - | না | ১০ | ০২ | ০১ | ৬,১৬২/- | ১৮৪ | |
| ০৪ | ডিমলা | - | না | ১০ | ০২ | ০১ | ১,৯২,৩৭৩/- | ৫,০৫২ | |
| ০৫ | জলঢাকা | - | না | ১১ | ০২ | ০১ | ২২,১৯৭/- | ১,০০৯ | |
| ০৬ | কিশোরগঞ্জ | - | না | ০৯ | ০২ | ০১ | - | - | |

মন্তব্য: সৈয়দপুর ও কিশোরগঞ্জ উপজেলার ইউডিসির আয় ও সেবা প্রদানের তথ্য আপলোড করা হয়নি এবং জলঢাকা ও ডোমার উপজেলার আয় ও সেবা প্রদান তুলনামূলক অত্যন্ত কম। উদ্যোক্তাগণের আয় বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

২. সভার আলোচনা এবং সিদ্ধান্ত:

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ২.১ | জেলা, উপজেলা ও ইউনিয়ন এর ওয়েবপোর্টালের তথ্য:<br>জেলা, উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টাল নতুন ফ্রেমওয়ার্কে মাইগ্রেশন করা হয়েছে। মাইগ্রেশনকৃত নতুন ওয়েবপোর্টালে বাংলা ও ইংরেজি ভাষাতে তথ্য প্রদানের সুবিধাসহ নতুন নতুন ফিচার সংযোজন করা হয়েছে। মাইগ্রেশনকৃত ওয়েবপোর্টালে তথ্য আপলোডের ম্যানুয়াল সংযুক্ত আছে। | ১. জেলা, উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালে সংযোজিত নতুন ফিচারে তথ্য হালনাগাদ করতে হবে।<br>২. নিজ নিজ দপ্তরের পোর্টাল নিয়মিত পরিদর্শন করে তথ্য আপলোড করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সকল দপ্তর প্রধান |
| ২.২ | ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড:<br>কোন কোন উদ্যোক্তা ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেমে যথাসময়ে আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড করেন না। ফলে দৈনিক মূল্যায়ন প্রতিবেদনে এর প্রভাব পড়ে। | ইউডিসির আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেমে প্রতিদিন বিকাল ৬.০০টার মধ্যে আপলোড নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সকল উদ্যোক্তা |
| ২.৩ | অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহ:<br>জুলাই-২০১৮ মাসে রেকর্ড রুম হতে ৮৪২টি পর্চা অনলাইনে সরবরাহ করা হয়েছে। | অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহ অব্যাহত রাখতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, রেকর্ড রুম |
| ২.৪ | ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তি:<br>জেলা প্রশাসকের কার্যালয়, জেলা শিক্ষা অফিস, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, জেলা সমাজসেবা অফিস, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নীলফামারী সদর ও সৈয়দপুর-এ দাপ্তরিক কাজ ই-ফাইলিং কার্যক্রম চালু আছে। জেলা প্রশাসকের কার্যালয় ব্যতিরেকে অন্যান্য কার্যালয়ে ই-ফাইলে চিঠিপত্র নিষ্পত্তির হার অত্যন্ত কম। | যে সকল কার্যালয়ে ই-ফাইল কার্যক্রম চালু আছে সে সকল কার্যালয়ে প্রাপ্ত সকল চিঠিপত্র দাপ্তরিক বিবেচনায় ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |
| ২.৫ | সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্ত:<br>বিভিন্ন দপ্তর প্রধানগণের নামে সরকারি ই-মেইল খোলা আছে। দপ্তর প্রধানগণ পারস্পরিক তথ্য আদান-প্রদানের জন্য সরকারি ই-মেইল ব্যবহার করেন মর্মে সভায় জানান। | দাপ্তরিক তথ্য আদান-প্রদানের জন্য সরকারি ই-মেইল ব্যবহার করতে হবে এবং প্রতিদিন কমপক্ষে ২ বার ই-মেইল চেক করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সকল দপ্তর প্রধান |
| ২.৬ | উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান:<br>সকল উপজেলায় প্রতিমাসে উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানের বাধ্যবাধকতা রয়েছে। উপজেলা হতে সভার কার্যবিবরণী পাওয়া যায় না। | উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিতভাবে করতে হবে এবং সভার কার্যবিবরণী এ অফিসে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ২.৭ | ইউডিসি হতে পল্লী বিদ্যুতের বিল আদায় কার্যক্রম:<br>নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলা পল্লী বিদ্যুতের আওতা বহির্ভূত। নীলফামারী সদরের ৬টি, জলঢাকার ০৯টি ও কিশোরগঞ্জের ০৬টি মোট ২১টি ইউডিসি হতে পল্লী বিদ্যুতের বিল গ্রহণ করা হচ্ছে। | (ক) জেলার ২১টি ইউডিসি হতে পল্লী বিদ্যুতের বিল আদায় কার্যক্রম তদারকী করতে হবে।<br>(খ) অবশিষ্ট ইউডিসি হতে পল্লী বিদ্যুতের বিল আদায় কার্যক্রম দ্রুত চালু করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও উদ্যোক্তা (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ২.৮ | উদ্যোক্তার তথ্য:<br>নীলফামারী জেলার ৬০টি ইউডিসিতে ০১ জন পুরুষ ও ০১ জন মহিলা উদ্যোক্তা কর্মরত আছেন। কিছু কিছু উদ্যোক্তা একসেবা পোর্টালে নিয়মিতভাবে তথ্য আপলোড করেন না। | (ক) ইউডিসিসমূহে উদ্যোক্তাদের বিশেষ করে নারী উদ্যোক্তাদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>(খ) একসেবা প্লাটফর্মে নিয়মিতভাবে তথ্য আপলোড নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ২.৯ | বিসিসি হতে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শন প্রতিবেদন দাখিল বিষয়ক তথ্য:<br>বিসিসি হতে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাবসমূহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায় না। | বিসিসি হতে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব নিয়মিতভাবে পরিদর্শন করতে হবে এবং পরিদর্শন প্রতিবেদন এ অফিসে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সহকারী প্রোগ্রামার (সকল) |
| ২.১০ | জেলা পর্যায়ে বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের তথ্য:<br>জেলা প্রশাসন, নীলফামারীর আয়োজনে মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই এর সহযোগিতায় ০৩ ও ০৪ জুন ২০১৮ তারিখে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ‘জাতীয় তথ্য বাতায়ন’ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা করা হয়েছে। কর্মশালায় জেলা-উপজেলার ৫০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। | জেলা পর্যায়ে আইসিটি প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং উপজেলা পর্যায়ে কর্মকর্তা-কর্মচারীদের আইসিটি প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ২.১১ | জনসেবায় facebook এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত:<br>District Administration, Nilphamari নামে জেলা প্রশাসনের facebook পেজ খোলা আছে এবং এতে জেলা প্রশাসনের বিভিন্ন কার্যক্রম সংক্রান্ত তথ্য নিয়মিত আপলোড করা হচ্ছে। | জেলা প্রশাসনের facebook পেজ এ নিয়মিত তথ্য আপলোড করতে হবে। | সহকারী কমিশনার (আইসিটি) ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নীলফামারী |
| ২.১২ | বিবিধ: (ক) মোবাইল ব্যাংকিং:<br>নীলফামারী জেলার সকল ইউডিসিতে মোবাইল ব্যাংকিং সেবা চালু আছে। | ইউডিসিসমূহে মোবাইল ব্যাংকিং সেবা অব্যাহত রাখতে হবে। | উদ্যোক্তা (সকল) |
| | (খ) স্ট্যাম্প ভেন্ডার লাইসেন্স নবায়ন:<br>জেলার বিভিন্ন ইউডিসি উদ্যোক্তা স্ট্যাম্প ভেন্ডার লাইসেন্স গ্রহণ করলেও লাইসেন্স নবায়ন করেন না। | স্ট্যাম্প ভেন্ডার লাইসেন্স নবায়নের জন্য ইউডিসি উদ্যোক্তাগণকে পত্র প্রেরণ করতে হবে। | ট্রেজারী অফিসার, নীলফামারী কালেক্টরেট। |

নাজিয়া শিরিন
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৭.৭৩০০.০২৫.০৬.০০৩.১৭.১৩৭

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৫
০৯ সেপ্টেম্বর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) জেলা আইসিটি কমিটি, নীলফামারী

পূদম পুষ্প চাকমা
সহকারী কমিশনার